BUSC Science Olympiad-2026

Science Explorer (Class 09-10)
Time: 60 *minutes*
Total Marks: 100
Subjects: Math, Physics, Chemistry, Biology, IQ

Name: _____

Class: _____

School: _____

Registration Number: _____

Phone: _____

সঠিক উত্তরে টিক দিন

পদার্থবিজ্ঞান

১. লেন্সের ক্ষমতার একক কী?
ক) মিটার খ) ক্যান্ডেলা
গ) ডায়াপ্টার ঘ) ওহম

২. আলোক রশ্মি উত্তল লেন্সের আলোক কেন্দ্র দিয়ে প্রতিসরিত হওয়ার সময় কীভাবে নির্গত হয়?
ক) ফোকাস বিন্দু দিয়ে যায়
খ) প্রধান অক্ষের সমান্তরালে যায়
গ) অবিচ্যুতভাবে সরলরেখায় চলে যায়
ঘ) অভিলম্বের দিকে বেঁকে যায়

৩. পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের শর্ত কোনটি?
ক) আলোক রশ্মি হালকা থেকে ঘন মাধ্যমে যেতে হবে
খ) আপতন কোণ ক্রান্তি কোণের চেয়ে বড় হতে হবে
গ) আপতন কোণ ও প্রতিসরণ কোণ সমান হতে হবে
ঘ) প্রতিসরণ কোণ অবশ্যই ৯০° হতে হবে

৪. অবতল লেন্সের সামনে রাখা কোনো বস্তুর প্রতিবিম্ব সব সময় কেমন হয়?
ক) বাস্তব ও উল্টো খ) অবাস্তব ও সোজা
গ) বাস্তব ও সোজা ঘ) অবাস্তব ও উল্টো

৫. একটি লেন্সের ফোকাস দূরত্ব ২ মিটার হলে এর ক্ষমতা কত?
ক) +২D খ) −২D
গ) +০.৫D ঘ) −০.৫D

৬. কাচ দণ্ডকে সিল্কের কাপড় দিয়ে ঘষলে কোনটি ঘটে?
ক) কাচ সিল্ক থেকে ইলেকট্রন গ্রহণ করে
খ) কাচ দণ্ড ইলেকট্রন হারিয়ে পজিটিভ চার্জযুক্ত হয়
গ) সিল্কের কাপড় পজিটিভ চার্জযুক্ত হয়
ঘ) কোনো ইলেকট্রন আদান-প্রদান হয় না

৭. প্লাস্টিককে ফ্লানেল দিয়ে ঘষলে প্লাস্টিকে কোন ধরনের চার্জ উৎপন্ন হয়?
ক) পজিটিভ খ) নেগেটিভ
গ) নিরপেক্ষ ঘ) বিদ্যুৎ চুম্বকীয়

৮. কুলম্বের ধ্রুবক k এর মান কত?
ক) $9 \times 10^9\ Nm^2/C^2$ খ) $1.6 \times 10^{-19}\ Nm^2/C^2$
গ) $6.67 \times 10^{-11}\ Nm^2/C^2$ ঘ) $3 \times 10^8\ Nm^2/C^2$

৯. দুটি চার্জের মধ্যবর্তী দূরত্ব অর্ধেক করলে তাদের মধ্যকার তড়িৎ বলের কী পরিবর্তন হবে?
ক) অর্ধেক হবে খ) দ্বিগুণ হবে
গ) চারগুণ হবে ঘ) এক-চতুর্থাংশ হবে

১০. একটি পরমাণু স্বাভাবিক অবস্থায় তড়িৎ নিরপেক্ষ হওয়ার কারণ কী?
ক) এতে কোনো চার্জ থাকে না
খ) প্রোটন ও ইলেকট্রনের সংখ্যা সমান থাকে
গ) নিউট্রন ও প্রোটনের সংখ্যা সমান থাকে
ঘ) নিউক্লিয়াস অনেক ক্ষুদ্র বলে

১১. স্থির বিদ্যুতের পরীক্ষাগুলো শীতকালে ভালো হয় কেন?
ক) বাতাসে জলীয় বাষ্প কম থাকে বলে
খ) শীতকালে তাপমাত্রা কম থাকে বলে
গ) ঘর্ষণ বল বেশি কাজ করে বলে
ঘ) প্রোটনের প্রবাহ বৃদ্ধি পায় বলে

১২. হাইড্রোজেন পরমাণুর কেন্দ্রে ১টি প্রোটন ও ১টি ইলেকট্রন 0.5×10^{-8} m দূরত্বে থাকলে তাদের আকর্ষণ বল কত?
ক) 9×10^9 N খ) 9.22×10^{-12} N
গ) 1.6×10^{-19} N ঘ) 1.98×10^{20} N

১৩. হিলিয়াম-৩ (^3He) পরমাণুর নিউক্লিয়াসে নিউট্রনের সংখ্যা কয়টি?
ক) ১টি খ) ২টি
গ) ৩টি ঘ) ০টি

১৪. উত্তল লেন্সে বস্তু ফোকাস দূরত্বের ভেতরে থাকলে প্রতিবিম্ব কেমন হবে?
ক) বাস্তব ও উল্টো খ) অবাস্তব ও সোজা
গ) বাস্তব ও সোজা ঘ) অবাস্তব ও উল্টো

১৫. আলোক রশ্মি যখন ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমে যাওয়ার সময় বিভেদতল ঘেঁষে যায়, তখন প্রতিসরণ কোণ কত?
ক) ০° খ) ৪৫°
গ) ৯০° ঘ) ১৮০°

১৬. উত্তল লেন্সকে কোন ধরনের লেন্স বলা হয়?
ক) অপসারী লেন্স খ) অভিসারী লেন্স
গ) দ্বি-অবতল লেন্স ঘ) সমতল লেন্স

১৭. লেন্সের রশ্মিচিত্র অঙ্কনের জন্য সাধারণত কয়টি বিশেষ আলোক রশ্মির নিয়ম ব্যবহৃত হয়?
ক) ১টি খ) ২টি
গ) ৩টি ঘ) ৪টি

১৮. অবতল লেন্সের ফোকাস দূরত্বকে কোন চিহ্ন দ্বারা প্রকাশ করা হয়?
ক) ধনাত্মক (+) খ) ঋণাত্মক (−)
গ) সমান (=) ঘ) গুণফল (×)

১৯. একটি +1C এবং অন্য একটি −1C চার্জকে ১০ সেমি দূরে রাখলে বলের প্রকৃতি কী হবে?
ক) আকর্ষণ খ) বিকর্ষণ
গ) বল শূন্য হবে ঘ) অসীম

২০. হাইড্রোজেন-১ (^1H) পরমাণুর নিউক্লিয়াসে কয়টি নিউট্রন থাকে?
ক) ১টি খ) ২টি
গ) ০টি ঘ) ৩টি

রসায়ন

১. কোনো পদার্থ কঠিন অবস্থা থেকে সরাসরি বাষ্পে পরিণত হওয়ার প্রক্রিয়াকে কী বলে?
ক) গলন খ) স্ফুটন
গ) ঊর্ধ্বপাতন ঘ) ঘনীভবন

২. কার্বন পরমাণুর একটি নিউট্রনের ভর কত?
ক) 1.67×10^{-24} গ্রাম খ) 1.673×10^{-24} গ্রাম
গ) 1.675×10^{-24} গ্রাম ঘ) 9.11×10^{-28} গ্রাম

৩. পটাশিয়াম (K) এর ইলেকট্রন বিন্যাসে শেষ ইলেকট্রনটি কোন কক্ষপথে প্রবেশ করে?
ক) ৩য় (M) খ) ২য় (L)
গ) ৪র্থ (N) ঘ) ১ম (K)

৪. পর্যায় সারণিতে একই পর্যায়ের বাম থেকে ডানে গেলে পরমাণুর আকারের কী পরিবর্তন ঘটে?
ক) আকার বাড়ে খ) আকার কমে
গ) আকার একই থাকে ঘ) প্রথমে বাড়ে পরে কমে

৫. ম্যাগনেসিয়াম অক্সাইড (MgO) এ কোন ধরনের রাসায়নিক বন্ধন বিদ্যমান?
ক) সমযোজী বন্ধন খ) ধাতব বন্ধন
গ) আয়নিক বন্ধন ঘ) হাইড্রোজেন বন্ধন

৬. পানি (H_2O) অণুতে কয়টি সমযোজী বন্ধন থাকে?
ক) ১ টি খ) ২ টি
গ) ৩ টি ঘ) ৪ টি

৭. ২৫০ মিলি দ্রবণে ৫.৩ গ্রাম সোডিয়াম কার্বনেট (Na_2CO_3) থাকলে দ্রবণের মোলারিটি কত?
ক) 0.1 M খ) 0.2 M
গ) 0.5 M ঘ) 1.0 M

৮. নিচের কোন বিক্রিয়াটি জারণ-বিজারণ (Redox) বিক্রিয়া নয়?
ক) প্রসমন বিক্রিয়া খ) সংযোজন বিক্রিয়া
গ) বিয়োজন বিক্রিয়া ঘ) প্রতিস্থাপন বিক্রিয়া

৯. ব্রাইন (Brine) বলতে কোনটির জলীয় দ্রবণকে বোঝায়?
ক) চিনির দ্রবণ খ) লবণের (NaCl) সম্পৃক্ত দ্রবণ
গ) চুনের পানি ঘ) কস্টিক সোডা

১০. ভূ-ত্বকের প্রধান উপাদান অক্সিজেনের পরিমাণ প্রায় কত শতাংশ?
ক) ২৭% খ) ৮.৪%
গ) ৪৬% ঘ) ৫%

১১. স্টেইনলেস স্টিলে লোহার সাথে কোন ধাতুটি মেশানো হয় না?
ক) ক্রোমিয়াম খ) নিকেল
গ) তামা ঘ) কার্বন

১২. প্রাকৃতিক গ্যাসে মিথেন গ্যাসের পরিমাণ সাধারণত কত শতাংশ?
ক) ৫০-৬০% খ) ৮০-৯০%
গ) ৪৫-৫০% ঘ) ৯৩-৯৮%

১৩. অ্যালকেনের সাধারণ সংকেত কোনটি?
ক) C_nH_{2n} খ) C_nH_{2n+2}
গ) C_nH_{2n-2} ঘ) $C_nH_{2n+1}OH$

১৪. ফল পাকাতে সাহায্য করে নিচের কোনটি?
ক) মিথেন খ) ইথিন (ইথিলিন)
গ) ইথাইন ঘ) বিউটেন

১৫. পলিথিন তৈরিতে সামান্য পরিমাণ কোন গ্যাসটি প্রভাবক হিসেবে কাজ করে?
ক) নাইট্রোজেন খ) অক্সিজেন
গ) হাইড্রোজেন ঘ) কার্বন ডাই-অক্সাইড

১৬. সাবান তৈরির মূল বিক্রিয়াটির নাম কী?
ক) পলিমারকরণ খ) সাবানায়ন
গ) ঘনীভবন ঘ) প্রতিস্থাপন

১৭. ব্লিচিং পাউডারের রাসায়নিক নাম কী?
ক) ক্যালসিয়াম কার্বনেট
খ) ক্যালসিয়াম ক্লোরো-হাইপোক্লোরাইট
গ) সোডিয়াম হাইপোক্লোরাইট
ঘ) ম্যাগনেসিয়াম সালফেট

১৮. টয়লেট ক্লিনারের প্রধান উপাদান কোনটি?

ক) NaOH খ) NaOCl
গ) NaCl ঘ) HCl

১৯. গ্লাস ক্লিনার তৈরিতে কোন ক্ষারকটি ব্যবহৃত হয়?

ক) সোডিয়াম হাইড্রোক্সাইড
খ) পটাশিয়াম হাইড্রোক্সাইড
গ) অ্যামোনিয়াম হাইড্রোক্সাইড
ঘ) ক্যালসিয়াম হাইড্রোক্সাইড

২০. সাবান ও ডিটারজেন্টের পানির প্রতি আকর্ষণকারী প্রান্তকে কী বলা হয়?

ক) হাইড্রোফোবিক খ) হাইড্রোফিলিক
গ) নন-পোলার ঘ) লিপোফিলিক

গনিত

১. নিচের কোনটি মূলদ সংখ্যা?

ক) √11 খ) 2π
গ) √27/√3 ঘ) 0.1010010001...

২. $4.2\overline{35}$ সংখ্যাটিতে অনাবৃত্ত অংশের অঙ্ক সংখ্যা কয়টি?

ক) ০ টি খ) ১ টি
গ) ২ টি ঘ) ৩ টি

৩. সেট A = {x, y, z} হলে, এর শক্তি সেট P(A) এর উপাদান সংখ্যা কয়টি?

ক) 3 খ) 6
গ) 8 ঘ) 9

৪. A = {1, 2, 3, 4} এবং B = {2, 4, 6} হলে, A \ B এর মান কোনটি?

ক) {1, 3} খ) {6}
গ) {1, 2, 3, 4, 6} ঘ) ∅

৫. f(x) = (x−1)/(x−2) ফাংশনটির জন্য নিচের কোনটি ডোমেনের অন্তর্ভুক্ত নয়?

ক) 1 খ) 2
গ) 0 ঘ) −1

৬. $f(x) = x^2 + 1$ ফাংশনটির ডোমেন বাস্তব সংখ্যা ($\mathbb{R}$) হলে, এর রেঞ্জ কোনটি?

ক) $\{y \in \mathbb{R} : y \geq 0\}$ খ) $\{y \in \mathbb{R} : y > 0\}$
গ) $\{y \in \mathbb{R} : y \leq 1\}$ ঘ) $\{y \in \mathbb{R} : y \geq 1\}$

৭. $(a+b)^n$ এর বিস্তৃতিতে যদি n = 3 হয়, তবে পদের সংখ্যা কয়টি হবে?

ক) ২ টি খ) ৩ টি
গ) ৪ টি ঘ) ৫ টি

৮. $x - 1/x = 4$ হলে, $x^2 + 1/x^2$ এর মান কত?

ক) 14 খ) 18
গ) 16 ঘ) 20

৯. $x^2 - 7x + 12$ রাশিটির মান শূন্য (0) হবে যদি x এর মান হয়—

ক) 3 অথবা −4 খ) −3 অথবা 4
গ) 3 অথবা 4 ঘ) 2 অথবা 6

১০. $(3^{n+2} + 3^n) / 3^{n+1}$ এর সরল মান কোনটি?

ক) 3 খ) 10/3
গ) 4 ঘ) 9

১১. $\log_5(\sqrt[5]{5} \cdot \sqrt{5})$ এর মান কত?

ক) 1/6 খ) 5/6
গ) 1/5 ঘ) 3/2

১২. $\log_x 324 = 4$ হলে, x এর মান কত?

ক) 3 খ) $3\sqrt{2}$
গ) $2\sqrt{3}$ ঘ) 18

১৩. $x^a = y$, $y^b = z$ এবং z^c = x হলে, abc এর মান কত?

ক) 1 খ) 0
গ) x ঘ) xyz

১৪. 5 log 2 − log 32 এর মান কত?

ক) log 2 খ) 1
গ) 5 ঘ) 0

১৫. $x^2 - 6x + 9 = 0$ সমীকরণটির নিশ্চায়ক ($b^2 - 4ac$) কত?

ক) 36 খ) 0
গ) 12 ঘ) 1

১৬. x/2 + x/3 = 10 সমীকরণে x এর মান কত?

ক) 6 খ) 10
গ) 20 ঘ) 12

১৭. $x^2 - kx + 4 = 0$ সমীকরণের মূলদ্বয় সমান হলে k এর মান কত?

ক) ±2 খ) 4
গ) ±4 ঘ) 16

১৮. বৃত্তের কোনো বিন্দুতে অঙ্কিত স্পর্শক এবং স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের মধ্যবর্তী কোণের মান কত?

ক) 45° খ) 60°
গ) 90° ঘ) 180°

১৯. AB ব্যাস এবং C পরিধিস্থ বিন্দু হলে, ∠ACB এর মান কত?

ক) 45° খ) 90°
গ) 60° ঘ) 120°

২০. একটি বর্গের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ সেমি হলে, এর ক্ষেত্রফল কত বর্গ সেমি?

ক) 8 খ) 32

গ) 16 ঘ) 64

জীববিজ্ঞান

১. ব্যাকটেরিয়া কোন রাজ্যের অন্তর্ভুক্ত?
ক) মনেরা খ) প্রোটিস্টা
গ) ফানজাই ঘ) প্লান্টি

২. ধানের বৈজ্ঞানিক নাম কোনটি?
ক) Mangifera indica খ) Oryza sativa
গ) Catla catla ঘ) Hibiscus rosa-sinensis

৩. কোষের কোন অঙ্গাণুকে 'শক্তির ঘর' (Powerhouse) বলা হয়?
ক) প্লাস্টিড খ) লাইসোজোম
গ) মাইটোকন্ড্রিয়া ঘ) রাইবোজোম

৪. কোষে প্রোটিন সংশ্লেষণে সাহায্য করে কোনটি?
ক) লাইসোজোম খ) গলজি বস্তু
গ) রাইবোজোম ঘ) প্লাজমা মেমব্রেন

৫. পানি ও খনিজ লবণ পরিবহন করা কোন টিস্যুর প্রধান কাজ?
ক) প্যারেনকাইমা খ) জাইলেম
গ) ফ্লোয়েম ঘ) কোলেনকাইমা

৬. লোহিত রক্তকণিকার গড় আয়ু কত দিন?
ক) ৯০ দিন খ) ১০০ দিন
গ) ১২০ দিন ঘ) ১৫ দিন

৭. ক্রোমোজোম যখন 'V' আকৃতির হয়, তখন তাকে কী বলে?
ক) মেটাসেন্ট্রিক খ) সাব-মেটাসেন্ট্রিক
গ) অ্যাক্রোসেন্ট্রিক ঘ) টেলোসেন্ট্রিক

৮. কোন কোষ বিভাজনকে 'হ্রাসমূলক বিভাজন' বলা হয়?
ক) অ্যামাইটোসিস খ) মাইটোসিস
গ) মিয়োসিস ঘ) সাইটোকাইনেসিস

৯. কোষে শক্তির মুদ্রা (Energy Currency) বলা হয় কোনটিকে?
ক) ADP খ) NADP
গ) ATP ঘ) FADH

১০. সবাত শ্বসনে এক অণু গ্লুকোজ জারিত হয়ে মোট কতটি ATP উৎপন্ন করে?
ক) ২ টি খ) ৩৮ টি
গ) ৪ টি ঘ) ৩৬ টি

১১. ক্যালভিন চক্র উদ্ভিদের সালোকসংশ্লেষণের কোন পর্যায়ের অন্তর্ভুক্ত?
ক) আলোক নির্ভর পর্যায়
খ) অন্ধকার পর্যায় বা আলোক নিরপেক্ষ পর্যায়
গ) গ্লাইকোলাইসিস
ঘ) ক্রেবস চক্র

১২. উদ্ভিদের ক্লোরোফিল সৃষ্টির জন্য কোন খনিজ উপাদানটি প্রয়োজন?
ক) নাইট্রোজেন ও পটাশিয়াম
খ) ম্যাগনেসিয়াম ও নাইট্রোজেন
গ) ক্যালসিয়াম ও ফসফরাস
ঘ) লোহা ও তামা

১৩. মানুষের লালারসে কোন এনজাইম থাকে?
ক) পেপসিন খ) ট্রিপসিন
গ) টায়ালিন ঘ) লাইপেজ

১৪. রক্তে লোহিত রক্তকণিকার পরিমাণ স্বাভাবিকের তুলনায় কমে গেলে তাকে কী বলে?
ক) লিউকেমিয়া খ) অ্যানিমিয়া
গ) থ্যালাসেমিয়া ঘ) ডায়াবেটিস

১৫. কোন রক্তগ্রুপকে 'সর্বজনীন দাতা' বলা হয়?
ক) A গ্রুপ খ) B গ্রুপ
গ) AB গ্রুপ ঘ) O গ্রুপ

১৬. সুস্থ মানুষের স্বাভাবিক রক্তচাপ কত?
ক) ১২০/৮০ মি.মি. পারদ
খ) ১০০/৭০ মি.মি. পারদ
গ) ১৪০/৯০ মি.মি. পারদ
ঘ) ৮০/১২০ মি.মি. পারদ

১৭. মানুষের ফুসফুসের বায়ুথলিগুলোকে কী বলা হয়?
ক) ব্রঙ্কাস খ) অ্যালভিওলাস
গ) ট্রাকিয়া ঘ) ল্যারিঙ্কস

১৮. বৃক্কের বা কিডনির কার্যকরী একক কী?
ক) নিউরন খ) নেফ্রন
গ) রেনাল করপাসল ঘ) ইউরেটার

১৯. অস্থি ও পেশির সংযোগকারী টিস্যুকে কী বলে?
ক) লিগামেন্ট খ) টেনডন
গ) কার্টিলেজ ঘ) সাইনোভিয়াল টিস্যু

২০. শর্করা জাতীয় খাদ্য হজম হওয়ার পর কিসে পরিণত হয়?
ক) অ্যামাইনো এসিড খ) ফ্যাটি এসিড
গ) গ্লুকোজ ঘ) গ্লিসারল

IQ

১. আজ রবিবার। ৩৫৩ দিন পর কি বার হবে?
ক. রবিবার খ. সোমবার
গ. মঙ্গলবার ঘ. বুধবার

২. কোনটি ব্যতিক্রম?
ক. ১২৫ খ. ৩৪৩
গ. ৫১২ ঘ. ৭৪৩

৩. সঠিক বানান কোনটি?
ক. Neumunia খ. Newunia
গ. Pneumonia ঘ. Pnewmonia

৪. Judge: Verdict :: Mason ?
ক. Forecast খ. Departure
গ. Office ঘ. Building

৫. (?) চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?



ক. 23 খ. 19
গ. 25 ঘ. 17

৬. কোন শব্দটি আয়নার বিপরীত দিক থেকে একই দেখাবে?
ক. HOOD খ. TITAN
গ. OATH ঘ. PLANO

৭.একটি অনুষ্ঠানে একজন ব্যাক্তি ও তার স্ত্রী তাদের দুই পুত্র ও তাদের স্ত্রী এবং প্রত্যেক পুত্রের ৪ জন সন্তান ছিল । অনুষ্ঠানে মোট কতজন উপস্থিত ছিল?
ক. ১৪ খ. ১৬
গ. ১২ ঘ. ১৩

৮. শুন্যস্থানে কোন সংখ্যাটি বসবে? ৩, ৭, ..., ৩১, ৬৩, ১২৭।
ক. ১৭ খ. ১৫
গ. ১৬ ঘ. ১৪

৯. A হলো B এর বোন, C হলো B এর মাতা, D হলো C এর পিতা এবং E হলো D এর মাতা । A কিভাবে D এর সাথে সম্পর্কিত?
ক. কন্যা খ. মাতা
গ. ভাই ঘ. নাতনী

১০. ময়ূর ও হরিণ একত্রে ৮০টি, কিন্তু তাদের পায়ের সংখ্যা ২০০টি। হরিণের সংখ্যা কত?
ক. ২০ খ. ৬০
গ. ৪০ ঘ. ৭০

১১. পরপর ৭ টি সংখ্যার গড় যদি ৪০ হয় । তাহলে বড় সংখ্যাটি কত?
ক. ৪৮ খ. ৪৩
গ. ৪৫ ঘ. ৪৪

১২. ক, খ এর পশ্চিমে এবং খ, গ এর উত্তরে অবস্থিত। ঘ, ক এর দক্ষিণে অবস্থিত হলে, গ থেকে ঘ এর অবস্থান কোন দিকে?
ক. পশ্চিম খ. দক্ষিণ
গ. উত্তর ঘ. পূর্ব

১৩. একটি দেওয়াল ঘড়িতে সময় ৩:১৫ । আয়নায় দেখলে সময় কত হবে?
ক. ৮:৪৫ খ. ৮:১৫
গ. ৩:৪৫ ঘ. ৯:৪৫

১৪. ৫ বন্ধুর মধ্যে, A হচ্ছে B-এর চেয়ে ছোট, কিন্তু E-এর চেয়ে বড়। C হচ্ছে B-এর চেয়ে ছোট, D হচ্ছে B-এর চেয়ে ছোট এবং A-এর চেয়ে বড়। তবে কে সবচেয়ে ছোট?
ক. B খ. A
গ. E ঘ. D

১৫. ভোরবেলায় আপনি বেড়াতে বের হয়েছেন। বেরোনোর সময় সূর্য আপনার সামনে। কিছুক্ষণ পরে আপনি বামদিকে ঘুরলেন। কয়েক মিনিট পরে আপনি ডান দিকে ঘুরলেন। এখন আপনার মুখ কোন দিকে?
ক. পশ্চিম খ. দক্ষিণ
গ. উত্তর ঘ. পূর্ব

১৬. একটি বালকের সারিতে বাম দিক হতে মেরিন ২৭ তম এবং ডান দিক হতে ৫ম হলে সারিতে মোট বালকের সংখ্যা কত?
ক. ৩২ জন খ. ৩০ জন
গ. ২২ জন ঘ. ৩১ জন

১৭. কোনটি অন্যগুলোর সাথে খাপ খায় না, তা চিহ্নিত কর?
ক. Mars খ. Moon
গ. Pluto ঘ. Earth

১৮. একজন লোক এবং তার স্ত্রীর ৭ জন ছেলে আছে এবং প্রত্যেক ছেলের একটি বোন আছে। তবে তাদের পরিবারের সদস্য সংখ্যা কত?
ক. ১০ খ. ১৬
গ. ১১ ঘ. ১৫

১৯. শূন্যস্থানে কী হবে: 3:6, 9:8, 17:9, 27:9.5, —?
ক. 41:9.90 খ. 39:9.75
গ. 37:10 ঘ. 43:10.25

২০. নিচের কোন সংখ্যাটি দুটি ধনাত্মক সংখ্যার গুণফল যার যোগফল ৩?
ক. ০ খ. ১
গ. ৩ ঘ. ২